দৈনিক
ইত্তেফাক

তারিখ : 18 APR 2012
পৃষ্ঠা ... ৫ ... কলাম ... ৪ ...

শেরপুর ডিগ্রি কলেজ

শিক্ষক অবসরে যাওয়ার আগেই পদশূন্য দেখিয়ে নিয়োগ বিজ্ঞপ্তি

■ শেরপুর (বগুড়া) সংবাদদাতা

বগুড়ার শেরপুর ডিগ্রি কলেজে কয়েকজন শিক্ষক অবসরে যাওয়ার আগেই তাদের পদ শূন্য দেখিয়ে নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়েছে। এ নিয়ে এলাকায় নানা গুঞ্জন শুরু হয়েছে।

যে সকল পদে নিয়োগ বিজ্ঞপ্তি দেয়া হয়েছে সে সকল সহকারী অধ্যাপক ও প্রভাষক এখনো চাকরি করে যাচ্ছেন। যে ক'জন অবসরে যাবেন তাদের এখনো ৪/৫ মাস চাকরির বয়স আছে।

গত ২৬ ফেব্রুয়ারি দৈনিক করতোয়া ও ২৭ ফেব্রুয়ারি দৈনিক সমকালে শেরপুর কলেজের অনার্স কোর্স চালুর নিমিত্তে বিভিন্ন পদে এবং ডিগ্রি পাস কোর্সের জন্য শূন্যপদে বাংলা, ইসলামের ইতিহাস, মনোবিজ্ঞান ও ইসলাম শিক্ষা বিষয়ে ১ জন করে প্রভাষক নিয়োগের বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়। একই বিজ্ঞপ্তি আবারো ওই দুইটি পত্রিকায় ২১ ও ২২ মার্চ প্রকাশ করা হয়। বিজ্ঞপ্তির আলোকে শেরপুর কলেজে সরেজমিনে খোঁজ নিয়ে জানা যায়, ডিগ্রি পাস কোর্সে ওই চারটি বিষয়ের মধ্যে তিনটি বিষয়ের শিক্ষক এখনো অবসরে যাননি এবং পূর্বেই অন্যটিতে শিক্ষক নিয়োগ দেয়া আছে। চারটি পদেই প্রভাষকরা নিয়মিত কলেজে চাকরি করছেন। ইসলামের ইতিহাস বিষয়ের প্রভাষক আজিজুর রহমানের জন্ম তারিখ ১৮ এপ্রিল ১৯৫২ইং। সে মোতাবেক তিনি অবসরে যাবেন আগামী ১৭ এপ্রিল ২০১২ ইং তারিখে। ইসলাম শিক্ষা বিষয়ের সহকারী অধ্যাপক মাসুদুর রহমানের জন্ম তারিখ ১ অক্টোবর ১৯৫২। সেই হিসেবে তিনি অবসরে যাবেন আগামী ৩০ সেপ্টেম্বর ২০১২ ইং তারিখে। প্রভাষক সাইফুল ইসলামের জন্ম তারিখ ৩০ মে ১৯৫২। সেই হিসেবে তিনি অবসরে যাবেন আগামী ২৯ মে ২০১২ ইং তারিখে এবং বাংলা বিভাগের প্রভাষক মোঃ ফজলুল হক নিয়োগপ্রাপ্ত হন ২৪ সেপ্টেম্বর ২০০৬ ইং সালে।

কলেজের অধ্যক্ষ আনিছুর রহমানের সাথে মোবাইল ফোনে যোগাযোগ করা হলে তিনি বলেন, আমি এখন বাইরে আছি, পরে কথা বলবো। কলেজের উপাধ্যক্ষ আবু বকর বলেন, পদ শূন্য হওয়া সাপেক্ষে আমরা নিয়োগ দেব। পাল্টা প্রশ্ন করা হয়, সে কথাটি কেন নিয়োগ বিজ্ঞপ্তিতে দেয়া হলো না, এ বিষয়ে তিনি সদুত্তর দিতে পারেননি।